



বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

শিল্প মন্ত্রণালয়

১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৫
ফোনঃ ৫৫০৩০০৮৬, ৫৫০৩০০৫৭, ফ্যাক্সঃ ০২-৫৫০৩০০৮৯। ওয়েবসাইটঃ www.bitac.gov.bd



স্মারকনং-৩৬.০৬.০০০০.০২৫.১৪.০১০.১৯ (১১) /২৯২/ মোঃ আব্দুল হোসেন

উপজেলা নির্বাচী কর্মকর্তা

..... রাজপুরা

..... নড়ামিঞ্জি

মোঃ আব্দুল হোসেন
উপজেলা নির্বাচী অফিসার
রাজপুরা, নড়ামিঞ্জি।

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২২
১০আগস্ট ২০২৩

উপজেলা নির্বাচী অফিসারের বাধারঃ
রাজপুরা, নড়ামিঞ্জি।

প্রাপ্তি নং ১৯৭৬

চারিখঃ ২৫০৮২

বিষয়ঃ বিনা খরচে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানসহ শিল্প কারখানায় চাকরি প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃক্ষ দেশে পরিণত হওয়ার-পাশাপাশি ২০৩০ সালের মধ্যে টেকনই উন্নয়নের অভিযানের দেশকে সামনের দিকে এগিয়ে নেয়ার জন্য অন্যতম বিষয় হচ্ছে দক্ষ মানব সম্পদ তৈরী ও কর্ম-সংস্থান সৃষ্টি। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা ২০১১ ও জাতীয় যুব নীতিমালা ২০১৭ ও বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে ঘরে ঘরে চাকুরি দেওয়ার প্রতিশ্রুতি বাতাবয়নের লক্ষ্যে বিটাক কর্তৃক "হাতে-কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আঞ্চলিক আঞ্চলিক কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন ফেজ-২" শীর্ষক প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে।

উক্ত প্রকল্পের আওতায় দেশের প্রত্যন্ত অঞ্চলের সুবিধা বাস্তিত, হতদরিস বেকার ৭৫৬০ জন নারী এবং ৭৪৪০ জন পুরুষসহ ৫ বছরে সর্বমোট ১৫০০০ হাজার প্রশিক্ষণার্থীকে পর্যায়ক্রমে বিটাক ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া ও চাঁদপুর কেন্দ্রে কারিগরী প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শেষে কর্ম-সংস্থান ও উদ্যোগ হিসেবে স্বারলয়ী হওয়ার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত প্রোগ্রামের পরবর্তী ব্যাচ আগামী ০১/০১/২০২৩ ইং তারিখে শুরু হবে।

প্রশিক্ষণে সুযোগ-সুবিধা সম্বন্ধে

১। প্রশিক্ষণ ফি, প্রশিক্ষণার্থীদের খাকা-খাওয়া ও যাতায়াত ভাতা ইত্যাদি সরকার কর্তৃক বহন করা হবে। ২। প্রশিক্ষণ শেষে বিডিল শিল্প কারখানায় চাকুরীর সুযোগ রয়েছে। ৩। প্রকল্পের অধীনে আবাসনের সম্পূর্ণ সুযোগ রয়েছে। আবাসন ব্যবস্থা গ্রহণ সকলের জন্য বাধ্যতামূলক।

আবেদনের নিয়মাবলীঃ

১। আবেদনপত্র বিটাক এর ওয়েবসাইট www.bitac.gov.bd থেকে সংগ্রহ করা যাবে অথবা বিনামূল্যে বিটাক ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া ও চাঁদপুর কেন্দ্র থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও বর্তিত নিংক (<http://admission.bitacserver.space/admission>) এর মাধ্যমে সরাসারি অনলাইনে আবেদন করা যাবে।

২। আবেদনের যোগ্যতাঃ আবেদনকারীর বয়স অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে এবং নৃনত্ম শিক্ষাগত যোগাতা ৮ম শ্রেণী বা সমমান পাস হতে হবে। অনলাইন জ্ঞান নিবন্ধন সমন্বয় জ্ঞান পরিচয় পত্র ঠ কপি ছবি বরাবর প্রকল্প পরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ডাকঘরে/কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি জমা দেয়া যাবে।

৩। চূড়ান্ত প্রযোজনীয় প্রশিক্ষণে নির্দিষ্ট টিকানায় চিঠি, মোবাইল এস এম এস ও টেলিফোন এর মাধ্যমে অবগত করা হবে। নির্বাচিত প্রশিক্ষণার্থীকে উক্তির সময় নিজের ২ (দুই) কপি এবং তার বৈধ অভিভাবকের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি সাথে আনতে হবে।

৪। যে সকল প্রযোজনীয় প্রশিক্ষণে অংশ গ্রহণের ক্ষেত্রে বিশেষ বিবেচনায় গুরুত্ব দেয়া হয়ঃ- (ক) সমাজের অসহায়, হতদরিদ্র ও মেধাবী পুরুষ ও নারী। (খ) বিধবা ও তালাকপ্রাপ্ত মহিলাদের অগ্রাধিকার দেয়া হয়। (গ) যারা চাকরি করতে ইচ্ছুক। দেশের বিডিল জেলা, উপজেলা ও অন্যসব/ সীমান্ত/ উপকূলীয় অঞ্চলসমূহের বেকার নারী ও পুরুষ জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেয়া হয়ে থাকে।

বিটাক কর্তৃক পরিচালিত সেপা ফেজ-২ প্রকল্পে প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য আপনার উপজেলায় প্রয়োজনীয় প্রচার ও যথাযথ সহযোগিতার মাধ্যমে প্রশিক্ষণার্থী সংগ্রহ করে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ রাখল।

(মোঃ ইকবাল হোসেন পাটোয়ারী)

প্রকল্প পরিচালক, সেপা ফেজ-২ প্রকল্প
বিটাক, ঢাকা।

ফোনঃ ০২-৫৫০৩০০৫১

সংযুক্তি: ১। এক কপি আবেদনপত্র (ফটোকপি করে ব্যবহার করা যাবে)।

২। ব্রোশিয়ার ও কপি।

৩। পত্রিকার বিজ্ঞাপন কপি।

৪। পোস্টার ও কপি।